গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর-৮, প্লট-৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

**জুন/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ০৫ জুলাই, ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণীর সংশোধনী**<br>সভার প্রারম্ভে গত জুন মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | **বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদান**<br>সভায় জুন, ২০২২ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | **প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) সভাকে জানান, জুন মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশাসন শাখা<br>৩। এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |
| ৪। | **হিসাব শাখার যাবতীয় কার্যক্রম**<br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন সভাকে জানান, হিসাব শাখার জুন মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা। |

| | | | |
|---|---|---|---|
| | সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | | |
| ৫। | **৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্তির অগ্রগতি**<br>সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন জানান নথিটি চূড়ান্ত সিদ্ধান্তের জন্য অর্থ বিভাগে পেন্ডিং অবস্থায় রয়েছে এবং এ বিষয়ে অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। উক্ত নথিটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৬। | **বিপিআই-এর শূন্যপদে নিয়োগ সংক্রান্ত।**<br>বিপিআই এর শূন্য পদে কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে পরিচালক (প্রঃ ও প্রঃ) জানান শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ৭ জুলাই ২০২২ তারিখে ২টি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হবে। | শূন্য পদে কর্মকর্তা নিয়োগের জন্য দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ৭। | **প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম**<br>সভায় মে মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ জুন, ২০২২ মাসে ৩ টি প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ৬০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | অনুরোধের প্রশিক্ষণ/কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৮। | **২০২১-২২ অর্থবছরের সকল প্রমাণক প্রেরণ সংক্রান্ত**<br>সভায় ২০২১-২২ অর্থবছরের এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত সকল প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে কি না তা জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান সকল প্রমাণক যথাসময়ে হার্ডকপি এবং সফট কপি সহযোগে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | পরবর্তী অর্থবছরের এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়নে সকলকে আরো মনোযোগী হতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সকল সহকারী পরিচালক। |

৩।সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.১১০

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৯
২০ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৪) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)